মাসিক
কমপিউটার জগৎ
ডিসেম্বর ১৯৯২

## সম্পাদকের দফতর থেকে

# জাতির এ স্বপ্ন পূরণ করবে কে ?

বাংলাদেশের কাছে সুপার কমপিউটার সংগ্রহ ও তা যোগ্যতার সাথে পরিচালনার বিরাট দাবী নিয়ে হাজির হয়েছে ঢাকায় প্রস্তাবিত দক্ষিণ এশীয় আবহাওয়া গবেষণাকেন্দ্র। সমগ্র সার্ক অঞ্চলের আবহাওয়া বিশ্লেষণের চাহিদা পূরণের কথা বলে প্রেসিডেন্ট রীগ্যানের কাছ থেকে বিশ্বের সবচাইতে দ্রুতগতি ও প্রমত্ত ক্ষমতার সর্বাধুনিক সুপার কমপিউটার–CRAY MPX সংগ্রহ করেছিলেন ভারতের প্রধানমন্ত্রী রাজিব গান্ধী। বৈজ্ঞানিক ও প্রতিরক্ষা বিষয়ক গবেষণার জন্য দ্বিতীয় CRAY সংগ্রহে মার্কিন যুক্তরাষ্ট্রের কাছে বাধা পেয়ে ৪ বছরের মধ্যে ভারত নামমাত্র মূল্যে উদ্ভাবন করেছে বিপুল শক্তি ও ক্ষমতার প্যারালাল প্রসেসিং কমপিউটার। বাংলাদেশের নেতৃত্ব, বিজ্ঞানী, মণীষার কাছে আজ সমতুল্য উদ্যোগের তাগিদ যখন হাজির, তখন আমাদের জাতীয় নেতৃত্বকে দেখা যাচ্ছে, সম্পূর্ণরূপে প্রস্তুতিহীন।

পরিপার্শ্বে প্রযুক্তির এই প্রচণ্ড ঝড় উঠার বিস্ময়কর খবর নিয়ে কমপিউটার জগৎ আজ প্রায় দুই বৎসর ধরে মাথা কুটছে জাতির বিবেক–নেতৃত্ব, মণীষা ও মেধার কাছে। আমরা বুঝাতে চেষ্টা করেছি, আবহাওয়া ও জলোচ্ছ্বাসের অভ্রান্ত পূর্বাভাষ দিতে হলেও কমপক্ষে ১০ লক্ষ কোটি ($১০^{১৩}$) জটিল গাণিতিক সমীকরণ কষতে হয় কয়েক মিনিটের মধ্যে। দেশের ৪৬০টি উপজেলা, ৪৪৫০টি ইউনিয়নের মাটি, পানি, মানুষ, সম্পদ, আবহাওয়াকে হিসেবের মধ্যে নিয়ে উন্নয়নের বাস্তব কর্মপরিকল্পনা তৈরী করে তার বাস্তবায়ন নিখুতভাবে পরিচালনার জন্যও দরকার সুপার কমপিউটার। আমরা বুঝাতে চেষ্টা করেছি, জ্ঞানবিজ্ঞানের শত শত বছরের পশ্চাদপদতা কাটিয়ে ওঠার জন্য বিশ্ববিদ্যালয়ের মত জ্ঞানপীঠে হাজার হাজার ছেলেমেয়েকে বিশ্বের সর্বাধুনিক তথ্যাস্ত্রে সজ্জিত করে নূতন শতাব্দীর দিগ্বিজয়ী পদাতিক যোদ্ধাদল গড়ে তোলার জন্য দরকার ইনফরমেটিক্স বিপ্লব। আমরা বুঝাতে চাইছি, এ দরিদ্র জাতির জ্ঞানভাণ্ডারে সমগ্র বিশ্বের পাঁচ হাজার বছরের জ্ঞানভাণ্ডার তুলে আনবার জন্য ২ ডলার মূল্যের সিডি–রমে লক্ষ লক্ষ পৃষ্ঠার তথ্য ও চিত্র ধারণ করা ছাড়া আমাদের কোন পথ নেই। কিন্তু আমরা হতাশ হয়ে দেখছি, আমাদের তরুণ প্রজন্মকে কাটাবন্দুক, পিস্তল, ছোরা, বোমা, ছিনতাই, চাঁদাবাজি, ভোটতাণ্ডব, সন্ত্রাসলালন, বহিস্কার ও হত্যালীলার এক অন্ধ আবর্তে ফেলে এক দস্যু সংস্কৃতি চাপিয়ে দিচ্ছেন আমাদের জাতীয় নেতৃত্ব। এই দস্যু সংস্কৃতি পরিপোষণ ও পরিচালনার জন্য যারা শত শত ঘন্টা সময় দেন, তাদের কাছে ধর্ণা দিয়ে তথ্য প্রযুক্তির শিল্প স্থাপন করে লক্ষলক্ষ শিক্ষিত তরুণকে কর্মসংস্থান দানের ব্যাপারে কথা বলার এতটুকু সময় পাওয়া যায়না।

তবু, আবার আমরা এদেশের রাজনৈতিক নেতৃত্ব, সরকার, অর্থনৈতিক ক্ষেত্রের উদ্যমা মানুষ ও প্রযুক্তি সচেতন মানুষদের কাছে সম্মিলিতভাবে আবেদন জানাই, বিশ্বের অনন্য মেধা সম্পন্ন এ জাতিকে তার অপরিমেয় সমস্যা ও সংকট, বিপর্যয় ও বিপদ থেকে রক্ষার জন্য সামাজিক, অর্থনৈতিক রাজনৈতিক ও বাণিজ্যিক হাতিয়ার হিসেবে পিসি হতে সুপার কমপিউটার, ফ্লপি ডিস্ক হতে সিডি–রমকে ধারণ করুন এবং সবচাইতে লাভজনক পন্থায় তার প্রয়োগ ঘটিয়ে তিন কোটি কৃষকের ধান, পরিশ্রমী ১০ লাখ শ্রমিকের তৈরি গার্মেন্টসের আয়ের পাশাপাশি জাতির জন্য ঐশ্বর্য ও শক্তির নূতন দিগন্ত উদ্বোধন করুন। পারমাণবিক বিস্ফোরণ, সুপার কমপিউটার সংগ্রহ এ যুগে। যে কোন জাতির জন্য তার স্বাধীনতা যুদ্ধ ও মুক্তি আন্দোলনের সমকক্ষ মাইলস্টোন–অগ্রগতির ফলক। আমাদের কোন নেতা।নেত্রী যদি এ জাতিকে সুপার কমপিউটার দিতে পারেন, তা জাতি স্মরণে রাখবে বহু শতাব্দী। সমগ্র জাতির লক্ষ লক্ষ মেধাবী মানুষের মননশীল ও বুদ্ধিবৃত্তিক অবদানকে ধারণ করে তার ভিত্তিতে সমস্যারাজি সমাধানের একটা প্রয়োগিক বিস্ফোরণ ঘটাতে হলে সুপার কমপিউটার ও সিডি–রমের স্তর স্পর্শ করা ছাড়া আমাদের কোন পথ নেই। হীনতা ও সংকীর্ণতার দিকে অগ্রসর না হয়ে সুপার কমপিউটার যুগে প্রবেশই হোক আমাদের অগ্রযাত্রার লক্ষ্য। জাতির স্বপ্ন বিরাট অগ্রগতির। একথাটা আমরা যেন না ভুলি।

লেখক সম্পাদক : আজম মাহমুদ • রেজাউল করিম • আবদুল হালিম • গোলাম নবী জুয়েল
প্রচ্ছদ শিল্পী : বশির আহমেদ

উপদেষ্টা
ডঃ জামিলুর রেজা চৌধুরী
ডঃ মুহম্মদ ইব্রাহীম
ডঃ সৈয়দ মাহবুবুর রহমান
ডঃ হুমায়ুন আহমেদ
ডঃ ভূঁইয়া ইকবাল

সম্পাদনা উপদেষ্টা
মোঃ আবদুল কাদের

সম্পাদক
এস, এ, বি, এম, বদরুদ্দোজা

নির্বাহী সম্পাদক
খোন্দকার নজরুল ইসলাম

প্রধান নির্বাহী
ভূঁইয়া ইনাম লেনিন

সহযোগী সম্পাদক
আতারিয়া স্বপন

সহকারী সম্পাদক
মইনউদ্দীন স্বপন
মুঃ ওয়ারেজুল মোমেন চৌধুরী
মনিরুল ইসলাম শরীফ

সম্পাদনা সহযোগী
• এম, আর সিদ্দিকি • শা, সা, • তানজুর তাহের লরিন
• শেখ, এ, সাহিদ • বাদল হক • আবদুল হক
• আসিফ মাহমুদ • মোস্তফা আনোয়ার
• এইচ এস ফিরোজ • মাসুদুর রহমান
• লীনা ইনাম • রেহানা আখতার • সমর মিত্র
• ফারুক আহমেদ • জাহিদ হোসেন

বিদেশ প্রতিনিধি
ডঃ মুহাম্মদ জাফর ইকবাল - আমেরিকা
তানভীর আহমেদ লেলিন - আমেরিকা
আজমুল হক - আমেরিকা
ডঃ এস, মাহমুদ - বৃটেন
নির্মল চন্দ্র চৌধুরী - অস্ট্রেলিয়া
মোঃ মোস্তাফিজুর রহমান - পাকিস্তান
মুকুন্দ রশিদ - জাপান
আবুল কাশেম মিয়া - জাপান
এস, বানার্জী - ভারত
রেজোয়ান স্পুটনিক - ভারত
আঃ কাঃ মোঃ শামসুজ্জোহা - সিংগাপুর
এন, এম, আযাদ - সুইডেন
ইমরুল কায়েস - ফ্রান্স

শিল্প নির্দেশনা : আহসান হাবীব

ক্যামেরা : ইয়াদীন বাবুল

কমপিউটার কম্পোজ :
কমপিউটারলাইন
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫।
ফোন : ৫০ ৬৪ ৮৫

মুদ্রণ :
ক্যাপিটাল প্রিন্টিং এণ্ড প্যাকেজেস লিঃ
৫০ - ৫১ বেগম বাজার, ঢাকা।

প্রকাশক : নাজমা কাদের
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫।
ফোন : ৫০ ৬৪ ৮৫

দাম প্রতি কপি পনের টাকা

গ্রাহক হবার জন্য বার্ষিক (রেজিস্ট্রি ডাকে) দুইশত টাকা, ষান্মাসিক (রেজিস্ট্রি ডাকে) একশত দশ টাকা মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।